



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০২৬.২০২০-৩৯৩

তারিখঃ ২৯.১০.২০২০ খ্রি.

বিষয়ঃ ডাঃ সৌমিত্র সরকার (৪২৭০৪), সহযোগী অধ্যাপক, নিউরোসার্জারি, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা

বিভাগীয় মামলা নং:১৮০/২০২০

অভিযোগনামা

যেহেতু আপনি ডাঃ সৌমিত্র সরকার (৪২৭০৪), সহযোগী অধ্যাপক, নিউরোসার্জারি, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা ২০১৮-১৯ অর্থবছরে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে এমএসআরসহ অন্যান্য মালামাল দরপত্রের মাধ্যমে ক্রয়/সংগ্রহ ও মেরামত বিষয়ক কার্যক্রমে বাজার দর যাচাই কমিটির সভাপতি ছিলেন;

যেহেতু আপনি কমিটির সভাপতি হিসেবে OT Light এর প্রকৃত মূল্য সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজার দর নির্ধারণ করেছেন এবং এর মাধ্যমে ৮টি OT Light ক্রয়ে সরকারের মোট ৪,৫৯,৬৪,০০০/- (চার কোটি ঊনষাট লক্ষ চৌষট্টি হাজার) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

যেহেতু আপনি ২টি Coblation Machine ক্রয়ে সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজার দর নির্ধারণ করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ৭৮,০০,০০০/- (আটাত্তর লক্ষ) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

যেহেতু আপনি ২টি Anesthesia Machine with Ventilator ক্রয়ে সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজার দর নির্ধারণ করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ১,১৭,২৫,০০০/- (এক কোটি সত্তের লক্ষ পঁচিশ হাজার) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

যেহেতু আপনি উক্ত প্রক্রিয়ায় উপরোল্লিখিত তিন ধরনের সরঞ্জাম ক্রয়ের মাধ্যমে সরকারের মোট ৬,৪০,৩১,৮০০/- (ছয় কোটি চল্লিশ লক্ষ একত্রিশ হাজার আটশত) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;


যেহেতু স্বাস্থ্য সেবা বিভাগের প্রাথমিক তদন্তে উপরোল্লিখিত অভিযোগসমূহের সত্যতা প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু আপনার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না- সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা, তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।


২৯. ১০. ২০২০

(মো. আবদুল মান্নান)
সচিব

ডাঃ সৌমিত্র সরকার (৪২৭০৪)

সহযোগী অধ্যাপক, নিউরোসার্জারি

শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা।

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০২৬.২০২০- ৩৯১ /১ (১১)

তারিখঃ ২৯.১০.২০২০খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)।
- ৪। পরিচালক, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। অফিস কপি।

২৯.১০.২০২০
(মো: শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ সৌমিত্র সরকার (৪২৭০৪); সহযোগী অধ্যাপক, নিউরোসার্জারি, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা ২০১৮-১৯ অর্থবছরে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে এমএসআরসহ অন্যান্য মালামাল দরপত্রের মাধ্যমে ক্রয়/সংগ্রহ ও মেরামত বিষয়ক কার্যক্রমে বাজার দর যাচাই কমিটির সভাপতি ছিলেন;

আপনি কমিটির সভাপতি হিসেবে OT Light এর প্রকৃত মূল্য সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজার দর নির্ধারণ করেছেন এবং এর মাধ্যমে ৮টি OT Light ক্রয়ে সরকারের মোট ৪,৫৯,৬৪,০০০/- (চার কোটি ঊনষাট লক্ষ চৌষষ্টি হাজার) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;


আপনি ২টি Coblation Machine ক্রয়ে সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজার দর নির্ধারণ করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ৭৮,০০,০০০/- (আটাত্তর লক্ষ) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

আপনি ২টি Anesthesia Machine with Ventilator ক্রয়ে সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজার দর নির্ধারণ করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ১,১৭,২৫,০০০/- (এক কোটি সতের লক্ষ পঁচিশ হাজার) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

আপনি উক্ত প্রক্রিয়ায় উপরোল্লিখিত তিন ধরনের সরঞ্জাম ক্রয়ের মাধ্যমে সরকারের মোট ৬,৪০,৩১,৮০০/- (ছয় কোটি চল্লিশ লক্ষ একত্রিশ হাজার আটশত) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

এবং স্বাস্থ্য সেবা বিভাগের প্রাথমিক তদন্তে উপরোল্লিখিত অভিযোগসমূহের সত্যতা প্রমাণিত হয়েছে।

আপনার এহেন কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যক্রম দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত হয়েছেন।


২৯, ১০, ২০২০

(মো. আবদুল মান্নান)
সচিব